দৈনিক জনকণ্ঠ

তারিখ 03 AUG 1998
পৃষ্ঠা: ৪ কলাম ১ ......

# ...শিক্ষা বোর্ডের ...সি ভোকেশনাল ...রীক্ষার ফল প্রকাশ

স্টাফ ...র্টার॥ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে গত এপ্রিলে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা '৯৮-এর ফল প্রকাশ করা হয়েছে। এবারের এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় মোট ৫ হাজার ২৭৬ পরীক্ষার্থীর

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## কারিগরি শিক্ষা বোর্ডের

(প্রথম পাতার পর)

মধ্যে ৩ হাজার ৭৭০ জন পাস করেছে। তাদের মধ্যে ১ হাজার ৯৫৪ জন প্রথম বিভাগে, ১ হাজার ৮০১ জন দ্বিতীয় বিভাগে ও ১৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭১ দশমিক ৪৫ শতাংশ।

এই পরীক্ষায় যারা মেধা তালিকায় স্থান অর্জন করেছে, তারা হলো— প্রথম জামালপুরের বজ্রাপুরের টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের মোঃ মাহফুজুর রহমান (রোল-ড্রেস-৯৮১৭১৯), প্রাপ্ত নম্বর ১০৮৩ (গ, ধ, অ, ট্রেড, ক, বাপ্র)। দ্বিতীয় কুমিল্লার দেবিদ্বার মফিজ উদ্দিন আহম্মদ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের সুরাইয়া বেগম সুরমা (রোল-৯৮১৩০৩), প্রাপ্ত নম্বর ১০৭৩ (বি, অ, আ, ট্রেড, বাপ্র)। তৃতীয় ঢাকার ডেমরার বাওয়ানী উচ্চ বিদ্যালয়ের মোঃ সেলিম হোসেন (রোল-বিল্ডিং-৯৮১৪২২), প্রাপ্ত নম্বর ১০৬৭ (গ, সা, বি, অ, আ, ট্রেড, ক, বাপ্র)। চতুর্থ জামালপুরের সরিষাবাড়ী রিয়াজ উদ্দিন তালুকদার উচ্চ বিদ্যালয়ের মোঃ জাহাঙ্গীর আলম (রোল-জেমে-৯৮২৭১১), প্রাপ্ত নম্বর ১০৬৬ (গ, সা, বি, অ, ট্রেড, ক, বাপ্র)। পঞ্চম ঢাকার ডেমরার বাওয়ানী উচ্চ বিদ্যালয়ের মোঃ আবদুর রউফ ভুঁইয়া (রোল-জেমে ৯৮১৩৯৪), প্রাপ্ত নম্বর ১০৬৩ (গ, ধ, বি, অ, আ, ট্রেড, ক, বাপ্র)। ষষ্ঠ পাবনার ঈশ্বরদীর টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের মোঃ খাইরুল ইসলাম (রোল-উই-৯৮০২১০), প্রাপ্ত নম্বর ১০৬০ (গ, ধ, বি, অ, ট্রেড, ক, বাপ্র)। সপ্তম বাগেরহাটের টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের লুবনা ইয়াসমিন (রোল ড্রেস ৯৮১১১৯), প্রাপ্ত নম্বর ১০৫২ (গ, অ, ট্রেড, ক, বাপ্র)। অষ্টম কুমিল্লার দেবিদ্বার রিয়াজ উদ্দিন পাইলট উচ্চ বিদ্যালয়ের মোঃ আশিকুর রহমান (রোল জেমে ৯৮০০৫৮), প্রাপ্ত নম্বর ১০৪৮ (গ, ধ, বি, অ, ট্রেড, বাপ্র)। নবম রাজবাড়ী ভিটিআইয়ের মোঃ সাইফুল ইসলাম (রোল ইলে-৯৮০৩২৫), প্রাপ্ত নম্বর ১০৪৫ (গ, বি, অ, ট্রেড, ক, বাপ্র) এবং কুমিল্লার দেবিদ্বার মফিজউদ্দিন আহমেদ বালিকা উচ্চ বিদ্যালয়ের সারমীন সুলতানা (রোল ৯৮১৩০৮), প্রাপ্ত নম্বর ১০৪৫ (গ, বি, অ, ট্রেড, ক, বাপ্র)। দশম পাবনার ঈশ্বরদীর টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের মোসাঃ ইসমত আরা (নীলা) (রোল ড্রেস ৯৮০২০২), প্রাপ্ত নম্বর ১০৪২ (গ, বি, অ, ট্রেড, ক, বাপ্র)।